MAR. 1 5 2[illegible]

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক ইনকিলাব

# মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী করতে হবে —মনছুরুর রহমান

**যশোর অফিস ঃ** বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের পরিদর্শক মনছুরুর রহমানকে প্রধান অতিথি এবং এটিএন বাংলা চ্যানেলের তাফসিরকারক মাওলানা আবুল কালাম আজাদকে বিশেষ অতিথি করে সম্প্রতি যশোরের চৌগাছা সিনিয়র মাদ্রাসা প্রাঙ্গণে সুবর্ণজয়ন্তী ও ওয়াজ মাহফিল অনুষ্ঠিত হয়। গত ৮ মার্চ ওয়াজ মাহফিল শুরু হলে দলমত নির্বিশেষে সকল স্তরের জনগণ অনুষ্ঠানে যোগদান করেন। তাদের বক্তব্য শুনে সকল দলের মানুষ প্রশংসায় মুখরিত করে তোলে মাহফিলকে। মনছুরুর রহমান বলেন, মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাকে আরও যুগোপযোগী করতে হবে। যাতে করে এ শিক্ষায় শিক্ষিত হয়ে ছাত্ররা দেশ ও জাতির কল্যাণে কাজ করতে পারে। তিনি আরও বলেন, বাংলাদেশের প্রত্যেকটি মাদ্রাসায় বিজ্ঞান বিভাগ চালু করার পদক্ষেপ গ্রহণ করতে হবে।

এটিএন বাংলা চ্যানেলের কোরআন তাফসিরকারক মাওলানা আবুল কালাম আজাদ তার বক্তব্যে বলেন, আমাদের দুর্বলতা ও পিছিয়ে থাকার কারণে এনজিওদের তৎপরতা বৃদ্ধি পেয়েছে। এনজিওগুলো বাংলাদেশে ইসলামের অপশক্তি হিসেবে কাজ চালিয়ে যাচ্ছে। কিন্তু ইসলামের অপশক্তি হিসেবে পরিচিত ব্যক্তির সংখ্যা খুবই নগন্য। তিনি আরও বলেন, ৪টি কাজ আমাদের খুব বেশী বেশী করে করতে হবে। এগুলো হচ্ছে সালাম দেয়া, মানুষকে খাবার খাওয়ানো, আত্মীয়দের সাথে সম্পর্ক ভালো রাখা এবং তাহাজ্জুতের নামাজ আদায় করা। তাহলে এদেশে ইসলাম কায়েম করা সহজ হবে। প্রশ্নোত্তরপর্বে তিনি নিরপেক্ষ উত্তর প্রদান করে সকল স্তরের মানুষের কাছে প্রশংসিত হন। ওয়াজ শেষে মোনাজাতকালে তিনি বলেন, একটি ইসলামী প্রচার মাধ্যম মুসলিম জাতির জন্য অশেষ কল্যাণ বয়ে আনতে পারে। এ জন্য তিনি বাংলাদেশে ইসলামী চ্যানেল প্রতিষ্ঠার জন্য দোয়া করেন। অনুষ্ঠানে কোরআন তেলাওয়াত করেন বাংলাদেশ বেতারের ক্বারী আনোয়ার হুসাইন।